

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিখিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩০৮৮৯৪৯, ৯৫৭৩৯২৬

E-mail: dgmlad1@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা /ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ (৩০৯) (২২০)

তারিখঃ ২৪/০৮/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৪ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০১। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনৈতিক মূলস্তোত্রে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। দেশের দারিদ্র্য হাসকরণের লক্ষ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, সমতাভিত্তিক সমাজ গঠন ও নারীর ক্ষমতায়ন বিশেষ উল্লেখযোগ্য। প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহণের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক চলতি ২০২১-২২ অর্থ বছরের এসএমই খাতে নারী উদ্যোক্তাদের খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	বিভাগের নাম	এসএমই খাতে মোট বার্ষিক খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা	নারী উদ্যোক্তাদের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা (২০২১-২২ অর্থবছর)	মন্তব্য
০১	ঢাকা	৮৪০.০০	১২৬.০০	মোট এসএমই খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রার ১৫% নারী উদ্যোক্তা খাতে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নারী উদ্যোক্তা খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৬০০.০০ কোটি টাকা এসএমই এর আওতায় নির্ধারিত খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা ৮০০০.০০ কোটি টাকার আওতাভূক্ত থাকবে।
০২	ময়মনসিংহ	৮৬০.০০	৬৯.০০	
০৩	চট্টগ্রাম	৩৬০.০০	৫৪.০০	
০৪	খুলনা	৩৬০.০০	৫৪.০০	
০৫	বরিশাল	১২৫.০০	১৮.৭৫	
০৬	সিলেট	৩০৫.০০	৪৫.৭৫	
০৭	কুমিল্লা	৫৩৫.০০	৮০.২৫	
০৮	ফরিদপুর	৩৫০.০০	৫২.৫০	
০৯	কুষ্টিয়া	৩৮৫.০০	৫৭.৭৫	
১০	এলাপিড	২৮০.০০	৪২.০০	
	মোটঃ	৪০০০.০০	৬০০.০০	

০৩। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের সেপ্টেম্বর ৫, ২০১৯ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ (এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে এসএমই খণ্ড স্থিতি হতে হবে ব্যাংকের মোট খণ্ড স্থিতির ১৫%। সে লক্ষ্যকে সামনে নিয়ে নারী উদ্যোক্তা খাতে খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থ-বছরে নারী উদ্যোক্তা খাতে এসএমই খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠকার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- (ক) “যদি কোন নারী ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্ত্বাধিকারী বা প্রোপ্রাইটার হন কিংবা অংশীদারী প্রতিষ্ঠান বা রেজিস্ট্রার অব জেনেরেল স্টক কোম্পানীজ এন্ড ফার্মস্ নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে অন্তর্ন্য ৫১% (শতকরা একাম্প ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি বা তাঁরা নারী উদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন এবং ঐ উদ্যোগটি নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।” উল্লেখিত সংজ্ঞা অনুসরণপূর্বক প্রকৃত নারী উদ্যোক্তা চিহ্নিতকরণপূর্বক অর্থায়ন করতে হবে;
- (খ) প্রতিটি শাখায় “Women Entrepreneurs’ Dedicated Desk” চালু রয়েছে, উক্ত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সভ্ববনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;


চলমান পাতা-০২

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোজ্ঞদের জন্য বার্ষিক খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা
নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

- (গ) মুখ্য আধ্যাতিক/আধ্যাতিক কার্যালয়ে স্থাপিত “Women Entrepreneur’s Development Unit” (নারী উদ্যোজ্ঞ উন্নয়ন ইউনিট) কর্তৃক সাংগঠিক/মাসিক ভিত্তিতে শাখা পর্যায়ের Women Entrepreneurs’ Dedicated Desk সমূহের কার্যক্রম মনিটরিং করতে হবে;
- (ঘ) নারী উদ্যোজ্ঞদের খণ্ড আবেদনপত্র সর্বোচ্চ অংগীকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (ঙ) নারী উদ্যোজ্ঞদের অনুকূলে কুটির, মাইক্রো, ও স্কুল উদ্যোগের (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) ক্ষেত্রে জমি, বিস্তিৎ প্রত্তি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোজ্ঞদের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ড প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সম্বুদ্ধতার নিশ্চিত করে এসএমই খাতে খণ্ড প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- (চ) নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা / অধ্যলসমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে যাতে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করা যায়।
- (ছ) শাখা সমূহকে সাংগঠিক/ মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকালে এসএমই খণ্ড বিতরণ ও আদায়ের তথ্যাদি নির্ভুলভাবে রিপোর্ট করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্য ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই খণ্ড নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নারী উদ্যোজ্ঞ খাতে খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-




(মোহাম্মদ মহাবুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

তারিখ : ৫

নং-বিকেবি-প্রকা /ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ (৩০৭) (৩২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রখানি ব্যাংকের শুরোৱাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আধ্যাতিক নিরীক্ষা কর্মকর্তা, আধ্যাতিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।



(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক